

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের নিয়ে 'আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বেজড ডিমাড রেসপন্স মডেলিং ইন দ্যা কমিউনিটি স্মার্ট গ্রিন এনার্জি গ্রিড' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (১৭ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য বলেন, আজকের এই সেমিনারে যে ডাইভার্স টেকনোলজি এবং প্রোগ্রামিংয়ের কথা বলা হয়েছে আমি বিশ্বাস করি যে এগুলোর মাধ্যমে আপনারা আপনাদের রিসার্চকে একটু ভিন্নভাবে চিন্তা করতে পারবেন। মানুষের প্রয়োজনের বিষয়টি চিন্তা করতে পারবেন। বর্তমানে স্মার্ট গ্রিডের বিষয়টি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। আমরা স্মার্ট গ্রিডের সঙ্গে আমাদের গবেষণার বিষয়গুলো একীভূত করতে পারি।

এসময় তিনি আরও বলেন, তৃতীয় বিশ্বের একটি নতুন কনসেপ্ট হলো- প্রজিউমার (Prosumer)। এই কনসেপ্টকে আমরা যদি ভবিষ্যতের জন্য কাজে লাগাতে পারি তাহলে একজন ব্যক্তি একইসাথে ভোক্তা, উৎপাদক এবং বিক্রেতার ভূমিকায় অবতীর্ণ হতে পারবে এবং অনেক কাজ সহজ হয়ে যাবে। উন্নয়নশীল দেশ হিসেবে আমাদের আরো অনেক বিষয়ে কাজ করার সুযোগ রয়েছে। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের যে আইডিয়া বা চিন্তা সেগুলোকে যদি আমরা বাস্তবরূপ দিতে চাই তাহলে একাডেমিশিয়ানদের ছাড়া তা কোনভাবেই সম্ভব নয় বলে আমি মনে করি। আমরা সেই একাডেমিশিয়ানদেরই একটা অংশ। তাই আমি বিশ্বাস করি এই সেমিনার আমাদের জন্য অত্যন্ত ফলপ্রসূ হবে।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ।

সেমিনারে কী-নোট স্পীকার হিসেবে ছিলেন যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব দ্যা ওয়েস্ট অব স্কটল্যান্ড এর ডাটা সায়েন্স এন্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বিষয়ের প্রোগ্রাম লিডার ড. এএসএম আশরাফ মাহমুদ। প্রোগ্রাম মডারেটর হিসেবে ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলাম।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪